দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 25 JUN 2009 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ১ ......

# পাঠ্যপুস্তকে তথ্য প্রযুক্তি সম্পর্কিত বিষয়াবলী অন্তর্ভুক্ত করা প্রয়োজন

...................... রাষ্ট্রপতি

॥ বাসস ॥

রাষ্ট্রপতি জিল্লুর রহমান বলেন, তথ্য-প্রযুক্তি নির্ভর সমৃদ্ধ বাংলাদেশ গঠনে প্রাথমিক থেকে উচ্চ শিক্ষার স্তর পর্যন্ত পাঠ্যপুস্তকে তথ্য-প্রযুক্তি সম্পর্কিত বিষয়াবলী গুরুত্বসহকারে অন্তর্ভুক্ত করা প্রয়োজন। ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এএইচএম জেহাদুল করিমের নেতৃত্বে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের বারো সদস্যের একটি প্রতিনিধি দল গতকাল বুধবার বঙ্গভবনে রাষ্ট্রপতির সাথে সাক্ষাৎ করতে গেলে তিনি বলেন, '২০২১ সাল নাগাদ বাংলাদেশকে ডিজিটাল দেশ হিসাবে গড়তে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঘোষণা বাস্তবায়নে আমাদের এখন থেকে পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।' প্রতিনিধি দলে অন্যান্যের মধ্যে ছিলেন কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্য প্রফেসর ড. আবদুল মান্নান চৌধুরী।

বৈঠককালে রাষ্ট্রপতি বলেন, 'বর্তমান প্রতিযোগিতামূলক বিশ্বে দেশের ছাত্র-ছাত্রীদের আন্তর্জাতিক মান অনুযায়ী গড়ে তুলতে হবে।' তিনি বলেন, উন্নত বিশ্বের মতো এগিয়ে যাওয়ার লক্ষ্যে ছাত্র-ছাত্রীরা যাতে সৃষ্টিমূলক কাজে গভীর মনোনিবেশ করতে পারে সে জন্য বিশ্ববিদ্যালয় পর্যায়ে গবেষণামূলক কর্মসূচিসমূহ আরো বিস্তৃত করা প্রয়োজন।

রাষ্ট্রপতির কার্যালয়ের সচিব মোহাম্মদ শফিউল আলম, রাষ্ট্রপতির সামরিক সচিব মেজর জেনারেল মোঃ এহতেশাম উল হক এবং রাষ্ট্রপতির প্রেস সচিব আবদুল আউয়াল হাওলাদার এ সময় উপস্থিত ছিলেন।